

জ্ঞানমূলক প্রশ্ন -

১. সমাজকর্ম কাকে বলে?

উওর: সমাজকর্ম হচ্ছে বৈজ্ঞানিক জ্ঞান ও মানবিক সম্পর্ক বিষয়ক দক্ষতানির্ভর এমন এক পেশাদার সেবা, যা ব্যক্তিগত, দলীয় ও সমষ্টিগতভাবে সাহায্য করে।

২. ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার প্রদত্ত সমাজকর্মের সংজ্ঞা দাও।

উওর: ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার সমাজকর্ম সম্পর্কে বলেন, " সমাজকর্ম বৈজ্ঞানিক জ্ঞান ও মানবিক সম্পর্ক বিষয়ক দক্ষতাসম্পন্ন এমন একটি পেশাদার সেবাকর্ম, যা ব্যক্তিকে একক বা দলীয়ভাবে সামাজিক ও ব্যক্তিগত সন্তুষ্টি ও স্বাধীনতা লাভে সহায়তা করে।"

৩. "Introduction to Social Welfare " গ্রন্থটি কার লেখা?

উওর: 'Introduction to Social Welfare' গ্রন্থটি ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার এর লেখা।

৪. সমাজকর্ম কোন ধরনের বিজ্ঞান?

উওর: সমাজকর্ম এক ধরনের সামাজিক বিজ্ঞান বা প্রায়োগিক বিজ্ঞান।

৫. পদ্ধতি কি?

উওর: কোন কাজ সুশৃঙ্খল ও পরিকল্পিত ভাবে করার জন্য যে পন্থা অবলম্বন করা হয় তাকেই পদ্ধতি বলে।

৬. সমাজকর্ম কী ধরনের পেশা?

উওর: সমাজকর্ম সহায়তাকারী ও সক্ষমকারী পেশা।

৭. সমাজকর্ম প্রত্যয়টির ইংরেজি প্রতিশব্দ কী?

উওর: সমাজকর্ম প্রত্যয়টির ইংরেজি প্রতিশব্দ হলো ' Social Work '.

৮. সমাজকর্ম কিভাবে মানুষকে সাহায্য করে?

উওর: সমাজকর্ম বিভিন্ন পদ্ধতির মাধ্যমে ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানে মানুষকে সাহায্য করে।

৯. সমাজকর্ম কি নিয়ে কাজ করে?

উওর: সমাজকর্ম সমাজ, মানুষ ও সমস্যার সমাধান নিয়ে কাজ করে।

১০. "Industry" শব্দটি কোন শব্দ থেকে উৎপত্তি?

উওর: ল্যাটিন শব্দ *Industria* থেকে 'Industry' শব্দের উৎপত্তি।

১১. NASW এর পূর্ণরূপ কী?

উওর: NASW এর পূর্ণরূপ হলো- National Association of Social Workers.

১২. COS - এর পূর্ণরূপ কী?

উওর: COS - এর পূর্ণরূপ হলো - Charity Organization Society.

১৩. দরিদ্রতা কাকে বলে?

উওর: মৌলিক চাহিদা পূরনে অক্ষমতাকে দরিদ্রতা বলে।

১৪. জনসংখ্যা স্ফীতি কাকে বলে?

উওর: ব্যাপক ভাবে জনসংখ্যা বৃদ্ধি পাওয়াকে জনসংখ্যা স্ফীতি বলে।

১৫. কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য কী প্রয়োজন?

উওর: কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজন বাস্তবমুখী পরিকল্পনা।

অনুধাবন প্রশ্ন

১. সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা - ব্যাখ্যা কর।

২. সমাজকর্ম বলতে কি বোঝায়?

৩. সমাজকর্ম একটি সক্ষমকারী প্রক্রিয়া - বুঝিয়ে লেখ।

৪. সমাজকর্ম একটি পদ্ধতি নির্ভর সমাধান প্রক্রিয়া - ব্যাখ্যা কর।

৫. বহুমুখী সমস্যার সমাধান বলতে কী বোঝায়?

৬. পেশা বলতে কী বোঝায়?

৭. আত্মকর্মসংস্থান বলতে কি বোঝায়?

৮. সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়?

৯. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝায়?

১০. সমাজ পরিবর্তন হয় কেন?